দর্শনায় ৬৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ বৃদ্ধা আটক

দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৬৫ পিস ইয়াবা ট্যাবলেট সহ এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ। শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টায় দর্শনা পৌরসভার রেলকলোনী (মোবারকপাড়া) এলাকায় অভিযান পরিচালনা করে তাকে আটক করা হয়।

আটককৃত মাদক কারবারি হলেন- দর্শনা পৌরসভার মোবারকপাড়া মৃত মোহাম্মদ হোসেনের ছেলে নুরু হোসেন (৬২)।

পুলিশ জানায়, দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মেহেদী হাসানের তত্ত্বাবধানে থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে রেলকলোনী মোবারক পাড়া এলাকায় অভিযান পরিচালনা করে।

এসময় নুরু হোসেন বাসায় অভিযান চালিয়ে বাসা তল্লাশি করে ৬৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে উপস্থিত জনসাধারণ ও সাক্ষীদের সামনে বিধি মোতাবেক জব্দ তালিকা প্রস্তুত করে আলামত জব্দ করা হয়। পুলিশ আরও জানায়, এ ঘটনায় আটককৃতের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দর্শনা থানায় মামলা হয়েছে।

দর্শনা থানা পুলিশের এই সফল অভিযানে জনমনে স্বস্তি ফিরে এসেছে এবং আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশের প্রতি সাধারণ মানুষের আস্থা আরও সুদৃঢ় হয়েছে।

দর্শনায় বিজিবির অভিযানে ৪৬০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ যুবক আটক

দর্শনায় ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪৬০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ সবুজ আহমেদকে (৩২) আটক করে। আটককৃত সবুজ ঝিনাইদহ জেলার কাঞ্চনপুর গ্রামের রিয়াজুল মোল্লার ছেলে।

জানাযায় গত সোমবার রাত ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা বিওপি’র টহল কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত মেইন পিলার ৭৭/৪-এস হতে আনুমানিক ৩.৫ কিঃমিঃ বাংলাদেশের অভ্যন্তরে ঈশ্বরচন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে পাঁকা রাস্তার পার্শ্বে এ্যাম্বুশ করে। বিজিবি একজন বাংলাদেশী নাগরিককে সন্দেহ হলে মোটরসাইকেলসহ তাকে তল্লাশি করে। পরে সবুজের কাছ থেকে ৪৬০ পিচ ইয়াবা ট্যাবলেট ০১টি মোটর সাইকেল, ০২ টি মোবাইল এবং ০৩ টি সীম কার্ড উদ্ধার করে। পরে দর্শনা বিওপি কমান্ডার বাদি হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করে।

দর্শনায় ১হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দর্শনা রেল বাজার এলাকা থেকে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ মারুফ হোসেন খন্দকার (৩৯) কে গ্রেফতার করেছে। সে কুমিল্লা জেলার কুমিল্লা সদর থানার লালবাগ খন্দকার গ্রামের মঈন উদ্দিন খন্দকারের ছেলে।

জানাগেছে গতকাল সোমবার রাত ৮ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল বাজারের ইসলামী পন্য এন্ড ভ্যারাইটিজ স্টোরের সামনে।

এ সময় দর্শনা থানার এস আই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই শামিম রেজা, এএসআই সানোয়ার হোসেন, এএসআই মারুফুল ইসলাম এএসআই মাসুম বিল্যাহ্, এএসআই বশির উদ্দীন, এএসআই শেখ আবু হানিফ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে

রিফাজ উদ্দীন এর দোকানের সামনে থেকে মারুফ হোসেন খন্দকারকে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে কাগজে মোড়ানো প্যাকেটে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।

[illegible]